

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১০৩৬(আগরতলা-১৫।০৬)

অমরপুর, ১৫ জুন, ২০ ১৮

ত্রিপুরেশ্বরী মন্দিরকে নতুনভাবে সাজিয়ে  
তোলার উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ অমরপুর মহকুমার সরবৎস্থিত শান্তিকালী বাড়ি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি শান্তিকালী আশ্রমের ৬৯তম আবির্ভাব দিবস উপলক্ষে দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, সিন্ধু কুমার জমাতিয়া, রামপদ জমাতিয়া, সমাজসেবী প্রতিমা ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানে চিরাচরিত প্রথা অনুযায়ী আশ্রমের মহারাজ মুখ্যমন্ত্রীকে পাগড়ি পরিয়ে স্বাগত জানান।

সেখানে সংক্ষিপ্ত ভাষণে মুখ্যমন্ত্রী নিষ্ঠা ও ভক্তির সঙ্গে যে কোনও কাজ করার উপর আলোচনা করেন। তিনি বলেন, আইন কানুন সঠিকভাবে পরিচালনা করা, নেশামুক্ত সমাজ গঠন এবং নারীদের সম্মান প্রদর্শন এই সরকারের প্রধান লক্ষ্য। তিনি বলেন, ত্রিপুরায় এখন সরকারী কাজের পরিবেশ তৈরী হয়েছে। কেন্দ্র ও রাজ্য সম্মিলিতভাবে রাজ্যের উন্নয়নে উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, কিছু উন্নয়ন বিরোধী মনোভাবাপন্ন মানুষ সরকারের কাজের সমালোচনা করছে। তিনি বর্তমান সরকারের ১০০ দিনের কর্মসূচির কথাও উল্লেখ করেন। তিনি বলেন, ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীকে প্রতিশ্রুতি দেওয়া ভিশন ডকুমেন্ট বর্তমান সরকার অক্ষরে অক্ষরে পালন করবে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে আনারস চাষীদের উন্নতির লক্ষ্যে বর্তমান সরকার বিদেশে আনারস রপ্তানি করছে। ভবিষ্যতে আনারস চাষীরা আরও লাভবান হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, ত্রিপুরেশ্বরী মন্দিরকে নতুনভাবে সাজিয়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। ত্রিপুরাকে ট্যুরিজম স্টেট হিসেবে গড়ে তোলায় জন্য সরকার প্রচেষ্টা নিয়েছে। পরিশেষে তিনি সকলকে সামাজিক কাজে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। এই অনুষ্ঠানে আশ্রমের পক্ষ থেকে দুঃস্থদের মধ্যে ৫০০টি বস্ত্র দান করা হয়।

\*\*\*\*\*